মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

রামপুরা শাখা, ঢাকা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক
বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, রামপুরা শাখা, ঢাকা এর খেলাপী ঋণগ্রহীতা হোমল্যান্ড সিকিউরিটি এন্ড গার্ড সার্ভিসেস লিমিটেড, প্রতিনিধিত্বকারী ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহিরুল ইসলাম সিকদার, অফিস ঠিকানা-প্লট-৩৮, রোড-০২, ব্লক-এল, সেক্টর-০২, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১৯ এবং স্থায়ী ও বর্তমান ঠিকানা-ফ্ল্যাট নং-১২০৪, বাসা নং-১৭, রোড নং-০৬, ব্লক-এ, কলশী, পূর্ব রামপুরা, রামপুরা, ঢাকা-১২১৯। এর নিকট ৩১.১০.২০২৬ তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ৮৭৩,৯৪,১০৪.৫৭ (তিয়াত্তর লক্ষ চুরানব্বই হাজার একশত চার টাকা সাতান্ন পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধকদাতা শাহিরুল ইসলাম সিকদার, পিতার নাম: মরহুম নূরুল ইসলাম সিকদার, মাতার নাম: আনোয়ারা খাতুন, ঠিকানা-ফ্ল্যাট নং-১২০৩, বাসা নং-১৭, রোড নং-০৬, ব্লক-এ, খিলগাঁও, ঢাকা কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলী :

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৩.১২.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐদিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং, কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, রামপুরা শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবেন।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহবান করতে পারবেন।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখা হতে তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি সংগ্রহ করে যাচাই-বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে 'অর্থঋণ আদালত আইন-২০০৩ এবং পরবর্তী সংশোধনী ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

তফসিল-১ : জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-খিলগাঁও, ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত। জেএল নম্বর-সাবেক ৩১৭, এসএ-৩১৭, আরএস-৪, ঢাকা সিটি সার্ভে নং: ২, মৌজা-উত্তর নন্দীপাড়া, খতিয়ান নং: সিএস-৭০৬, এসএ-১০১৩, আরএস-৩৮০, ঢাকা সিটি জরীপ: ২, খারিজ-৩৮৬৬ নং খতিয়ানে লিখিত। যাহার জোত নং ১৯/১৪। দাগ নম্বর-সিএস ও এসএ-১১৭, আরএস-৩১৬, ঢাকা সিটি জরীপ-১৭৩২ নং দাগ, ইষ্টার্ন হাউজিং লিমিটেড এর আফতাবনগর প্রজেক্টেও লেআউট প্ল্যান প্লট নং-এম৪৯, রাস্তা নং-০২, সেক্টর নং-০২, জমির পরিমাণ: ৪.৯৫ (চার দশমিক পঁচানব্বই) শতাংশ এবং উহার উপর নির্মিত এবং ভবিষ্যৎ নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি। উক্ত সম্পত্তির চৌহদ্দি নিম্নরূপ: যাহার চৌহদ্দিঃ উত্তরে-২০ (বিশ) ফুট প্রশস্ত রাস্তা, দক্ষিণে-প্লট নং-এম-৫০, পূর্বে-২৫ (পঁচিশ) ফুট প্রশস্ত রাস্তা নং-১০ এবং পশ্চিমে-এম-৪৯ নং প্লটের অবশিষ্ট ৪৯৫ অযুতাংশ সম্পত্তি।

তফসিল-২ : জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-খিলগাঁও, ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত। জেএল নম্বর-সাবেক ৩১৭, এসএ-৩১৭, আরএস-৪, ঢাকা সিটি সার্ভে নং: ২, মৌজা-উত্তর নন্দীপাড়া, খতিয়ান নং: সিএস-৭০৬, এসএ-১০১৩, আরএস-৩৮০, ঢাকা সিটি জরীপ: ২, খারিজ-৩১২০ নং খতিয়ানে লিখিত। যাহার জোত নং-৭৩/১৪। দাগ নম্বর-সিএস ও এসএ-১১৭, আরএস-৩১৬, ঢাকা সিটি জরীপ-১৭৩২ নং দাগ, ইষ্টার্ন হাউজিং লিমিটেড এর আফতাবনগর প্রজেক্টেও লেআউট প্ল্যান প্লট নং-এম৪৯, রাস্তা নং-০২, সেক্টর নং-০২, জমির পরিমাণ: ৪.৯৫ (চার দশমিক পঁচানব্বই) শতাংশ এবং উহার উপর নির্মিত এবং ভবিষ্যৎ নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি। উক্ত সম্পত্তির চৌহদ্দি নিম্নরূপ: যাহার চৌহদ্দিঃ উত্তরে-রাস্তা নং-২ [২০ (বিশ) ফুট প্রশস্ত রাস্তা], দক্ষিণে-ইষ্টার্ন হাউজিং এর-এম-৫০ নং প্লট, পূর্বে-অত্র দলিল গ্রহীতার সম্পত্তি ও ২৫ (পঁচিশ) ফুট প্রশস্ত রাস্তা এবং পশ্চিমে-ইষ্টার্ন হাউজিং এর-এম-৪৯ নং প্লট।

মোট জমির পরিমাণ = (৪.৯৫ শতাংশ+৪.৯৫ শতাংশ) = ৯.৯০ শতাংশ।

পক্ষে : শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, রামপুরা শাখা, ঢাকা
ফোন নং: +৮৮০৯৬৭৮১৪২১৭২, ০১৭১৫-০২৮০২৭।